

ভর্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, দুটি ইউনিটের বিষয় মনোনয়ন প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২২ এপ্রিল ২০২৫, ১১: ১২



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের বিষয় বরাদ্দ দেওয়া হয়েছে। দুটি ইউনিটের পূর্ণাঙ্গ এবং একটির আংশিক বিষয় মনোনয়ন দিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়। সাক্ষাত্কারের তারিখও ঘোষণা করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ে ভর্তিবিষয়ক ওয়েবসাইটে এ তথ্য জানানো হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তিসংক্রান্ত ওয়েবসাইটে বলা হয়েছে, ২০২৪-২৫ শিক্ষাবর্ষে আন্তর্গত্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির প্রথম ধাপের বিষয় বরাদ্দ (ব্যবসায় শিক্ষা ইউনিটের ব্যবসায় শিক্ষা শাখা ব্যতীত) প্রকাশ করা হয়েছে। বিষয় বরাদ্দপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে আগাম টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে ইউনিট কর্তৃক ঘোষিত সাক্ষাত্কারের

নির্ধারিত তারিখে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের গ্রেড/মার্কশিটসহ সশরীর হাজির হতে হবে। ইউনিট অফিস মূল মার্ক/গ্রেডশিটগুলো জমা রাখবে।

কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের প্রথম ধাপের বিষয় মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের সাক্ষাত্কার ২৭ থেকে ২৯ এপ্রিল অনুষ্ঠিত হবে। মানবিক শাখার সাক্ষাত্কার ২৭ ও ২৮ এপ্রিল এবং বিজ্ঞান ও বাণিজ্য শাখার সাক্ষাত্কার ২৯ এপ্রিল অনুষ্ঠিত হবে। বিষয় মনোনয়ন প্রকাশের পর বিস্তারিত সাক্ষাত্কার সূচি সংশ্লিষ্ট ইউনিটের নোটিশ সেকশনে পাওয়া যাবে।

বিজ্ঞান ইউনিটের প্রথম ধাপের বিষয় মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের সাক্ষাত্কার ২৪ এপ্রিল অনুষ্ঠিত হবে। বিষয় মনোনয়ন প্রকাশের পর বিস্তারিত সাক্ষাত্কারের সূচি বিজ্ঞান ইউনিটের নোটিশ সেকশনে পাওয়া যাবে।

এদিকে ব্যবসায় শিক্ষা ইউনিটের শুধু বিজ্ঞান ও মানবিক শাখার ফলাফল প্রকাশ করা হয়েছে। বাণিজ্য শাখার উপস্থিত পরীক্ষার্থীদের শুধু এমসিকিউ অংশের পরীক্ষা আগামী ১৭ মে বেলা ৩টায় পূর্বনির্ধারিত অঞ্চলে নতুন আসনবিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিস্তারিত [ওয়েবসাইটে](#) জানা যাবে।